# Times Today BD

এম এস রহমান | দেশজুড়ে | 24 June, 2025

পাবনার চাটমোহরে বিস্ফোরক আইনে পলাতক দুই আওয়ামী লীগ নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।

সোমবার (২৩ জুন) রাতে অভিযানে তাদের গ্রেপ্তার করা হয়।মঙ্গলবার (২৪ জুন) সকালে তাদের আদালতের মাধ্যমে পাবনা জেলহাজতে পাঠানো হয়েছে।

আটককৃতরা হলেন, উপজেলার মূলগ্রাম ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও শিবপুর গ্রামের মৃত জামাল উদ্দিনের ছেলে খলিলুর রহমান ও ফৈলজানা ইউনিয়ন কৃষক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও পবাখলী গ্রামের তাজেম সরদারের ছেলে জাহিদুল ইসলাম ডাবলু।

এ বিষয়ে চাটমোহর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনজুরুল আলম জানান, আটককৃত দুই আওয়ামী লীগ নেতার বিরুদ্ধে হরিপুর ইউনিয়নে বিস্ফোরণ ঘটনায় দায়েরকৃত মামলার এজাহারভুক্ত আসামী ছিলেন।তারা দীর্ঘদিন আত্মগোপনে ছিলেন।মঙ্গলবার সকালে তাদের আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 16:10

URL: https://timestodaybd.com/across-the-country/3640775807